

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা ১২০৭

প্রেস বিজ্ঞপ্তি

নং- চ০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১৪ (অংশ-১)/৭৪

তারিখ : ০১/০৬/২০১৪ইং।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩৩তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নয় এমন ১ম শ্রেণির নন-ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে বিভিন্ন কারণে ৩১/০৩/২০১৪ ইং তারিখে জারিকৃত প্রেস বিজ্ঞপ্তিতে ০৪ জন প্রার্থীর ফলাফল কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছে। উক্ত ০৪ জন প্রার্থীকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট যথাযথ কাগজপত্রসহ কর্ম কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগরস্থ প্রধান কার্যালয়ে (৬ষ্ঠ তলা, কক্ষ নং- ৫০৬) উপস্থিত হতে নির্দেশ প্রদান করা হলো।

কমিটির নিকট উপস্থিত হওয়ার তারিখ ও সময়	স্থগিতকৃত প্রার্থীদের রেজিঃ নম্বর
০৯-০৬-২০১৪খ্রিঃ সকাল - ১১.০০ ঘটিকা	০২৮৯৯০, ০৪৮৬২৬, ০৯৪১০১, ৪১১৯৩৫ = ০৪ জন

২। উল্লেখ্য, প্রার্থীদের নামে তাদের ঠিকানায় ডাকযোগে চিঠি প্রেরণ করা হয়েছে। নির্ধারিত তারিখে উল্লেখিত কাগজপত্রসহ কমিটির নিকট উপস্থিত হতে ব্যর্থ হলে তার প্রার্থিতার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(আ. ই. ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নং- চ০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১৪ (অংশ-১)/৭৪ (৫)

তারিখ : ০১/০৬/২০১৪ইং।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সকল দৈনিক সংবাদপত্রে জরুরী ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে। প্রেসবিজ্ঞপ্তির ৪টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
- ২। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
- ৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাকে অনুরোধ করা হলো)।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।